অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে ক্যাটারাউগাস কাউন্টিতে 518 মিলিয়ন ডলারের উৎপাদন ও প্যাকেজিং প্ল্যান্টের জন্য গ্রেট লেকস চিজ কাজ শুরু করেছে

পরিবার এবং কর্মচারীর মালিকানাধীন কোম্পানি 228 জন কর্মচারীকে ধরে রাখবে, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 215টি চাকরি যোগ করবে

ফেসিলিটির রেন্ডারিং এখানেপাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে গ্রেট লেকস চিজ (Great Lakes Cheese) ফ্র্যাঙ্কলিনভিল এবং ফার্মার্সভিলে একটি নতুন, অত্যাধুনিক উৎপাদন এবং প্যাকেজিং প্ল্যান্টের নির্মাণ কাজ শুরু করেছে। 518 মিলিয়ন ডলারের বেশি মূলধন বিনিয়োগের সাথে, প্রকল্পটি কোম্পানির ইতিহাসে সব চেয়ে বড় পরিকাঠামো বিনিয়োগ এবং কাট্টারাউগাস কাউন্টির ইতিহাসে বৃহত্তম অর্থনৈতিক উন্নয়ন প্রকল্প। অতিরিক্ত 215 জন কর্মচারী যোগ করার সাথে গ্রেট লেকস চিজ এই অঞ্চলে 228টি চাকরি বজায় রাখবে। এটি বার্ষিক 1.42 বিলিয়ন পাউন্ডে তার দুধের ব্যবহার দ্বিগুণ করবে যা সরাসরি নিউ ইয়র্কের দুগ্ধ চাষীদের উপকৃত করবে। নতুন কারখানাটি 2025 সালে প্রকল্প সমাপ্ত হওয়ার পরে কিউবা, নিউ ইয়র্কের বিদ্যমান ফ্যাসিলিটিটি প্রতিস্থাপন করবে। নতুন ফ্যাসিলিটির একটি রেন্ডারিং দেখুন এখানে।

"নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রত্যাবর্তন আগের চেয়ে শক্তিশালী এবং নতুন অত্যাধুনিক গ্রেট লেকস চিজ উৎপাদনের এবং প্যাকেজিং কারখানাটি পশ্চিম নিউ ইয়র্কের জন্য একটি ঐতিহাসিক বিজয়," **গভর্নর হোকল বলেছেন।** "ক্যাটারাউগাস কাউন্টির ইতিহাসে বৃহত্তম অর্থনৈতিক উন্নয়নের প্রকল্প, এই নতুন ফ্যাসিলিটিটি এই অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে একটি অসাধারণ উদ্দীপনা প্রদান করবে, কোম্পানির কর্মশক্তিকে প্রায় দ্বিগুণ করবে এবং আমাদের রাজ্যের দুগ্ধ খামারগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করবে৷ যেহেতু আমরা কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করার জন্য ঐতিহাসিক বিনিয়োগ চালিয়ে যাচ্ছি, আমি ক্যাটারাউগাস কাউন্টি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য কখনোই এর থেকে বেশি আশাবাদী ছিলাম না।"

গ্রেট লেকস চিজের CEO ড্যান জাগজেবস্কি বলেন, "গ্রেট লেকস চিজ এমন একটি সাইটের অনুসন্ধানে আপসহীন ছিল যা আমাদের কর্মচারী-মালিকদের, আমাদের ব্যবসা এবং স্থানীয় সম্প্রদায়ের জন্য কাজ করে৷ ফ্র্যাঙ্কলিনভিল সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করেছে। সম্প্রদায়টি

আমাদের 'একসাথে, আগামী প্রজন্মের জন্য'-এর দৃষ্টিভঙ্গি বুঝতে পেরেছে এবং গ্রহণ করেছে। তারা এই ঐতিহাসিক বিনিয়োগে আমাদের সাথে অংশীদারিত্ব করেছে যাতে কর্মচারী-মালিকদের প্রজন্মরা ওয়েস্টার্ন নিউ ইয়র্কে উন্নতি করতে পারে।"

গ্রেট লেকস চিজ প্রাকৃতিক এবং প্রক্রিয়াজাত বাল্ক, টুকরো এবং কাটা চিজের জাতীয় প্রস্তুতকারক এবং প্যাকেজার। কোম্পানির কিউবা এবং অ্যাডামসে নিউ ইয়র্কের দুটি উৎপাদনের কারখানা সহ আটটি বিদ্যমান কারখানা রয়েছে। কোম্পানিটি টেক্সাসের অ্যাবিলিনে একটি নতুন ফ্যাসিলিটিও নির্মাণ করছে যা এই বছরের শেষের দিকে খোলা হবে। ক্যাটারাউগাস কাউন্টিতে নতুন 500,000-বর্গ-ফুটের ফ্যাসিলিটির সম্প্রসারিত ধারণক্ষমতা এবং শক্তিগুলি ক্রমবর্ধমান গ্রেট লেকস চিজের ফ্যাসিলিটির নেটওয়ার্ককে সমর্থন করবে। নতুন ফ্যাসিলিটি এবং নর্থ কান্ট্রির কোম্পানির প্রক্রিয়াকরণের ফ্যাসিলিটি এক সঙ্গে নিউ ইয়র্কের মোট দুধ উৎপাদনের 14.4 শতাংশ ব্যবহার করবে।

রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের সংস্থা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) 215টি নতুন চাকরি তৈরির বিনিময়ে কর্মক্ষমতা-ভিত্তিক নিউ ইয়র্ক স্টেট এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিটে 3.7 মিলিয়ন ডলারের অনুদান এবং 14.6 মিলিয়ন ডলার পর্যন্ত একটি পুরস্কার প্রদান করেছে। ESD এর এক্সেলসিয়র জবস প্রোগ্রাম ব্যবসাগুলিকে নিউ ইয়র্কে প্রসারিত করতে এবং সেখানে স্থানান্তরিত করতে উৎসাহ দেয় যেখানে ব্যবসাগুলি চাকরি এবং বিনিয়োগের প্রতিশ্রুতি প্রদানের গ্যারান্টি দেওয়ার জন্য কঠোর দায়বদ্ধতার মান বজায় রাখে। উপরন্তু, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) ফ্যাসিলিটিটিকে সমর্থন করার জন্য 5.3 মেগাওয়াটের বেশি কম খরচে রিচার্জ NY শক্তি প্রদান করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO-মনোনীত হোপ নাইট বলেন, "যখন গ্রেট লেকস চিজ একটি চিত্তাকর্ষক, নতুন উৎপাদনের কারখানার উপর ভিত্তি করে নির্মাণের কাজ শুরু করে এবং তার স্থানীয় কর্মীবাহিনীকে প্রায় দ্বিগুণ করে, তখন কোম্পানিটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তার দীর্ঘমেয়াদী ভবিষ্যত সুরক্ষিত করছে। আমরা গ্রেট লেক চিজকে সমর্থন করতে পেরে রোমাঞ্চিত যখন এটি নিউ ইয়র্ক স্টেটে তার পরবর্তী অধ্যায় শুরু করেছে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং সিইও জাস্টিন ই. ড্রিসকল বলেন, "NYPA গ্রেট লেকস চিজের সম্প্রসারণকে সমর্থন করতে পেরে গর্বিত, যা 200টি কর্মসংস্থান তৈরি করবে এবং কাট্টারাউগাস কাউন্টির অর্থনীতিতে একটি উল্লেখযোগ্য প্রভাব ফেলবে। NYPA হাইড্রোপাওয়ার হল পশ্চিম নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়নের মেরুদণ্ড এবং এই প্রকল্পের জন্য আমাদের সমর্থন ইতিমধ্যেই নায়াগ্রা পাওয়ার প্রকল্পের দ্বারা সমর্থিত কয়েক হাজার চাকরির উপর ভিত্তি করে গড়ে তোলে।"

রাজ্যের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্কের কৃষি শিল্পের বৃহত্তম খাত, নিউ ইয়র্ক ডেয়ারির জন্য এটি দুর্দান্ত খবর। গ্রেট লেকস চিজের আমাদের রাজ্যের সেরা দুগ্ধজাত

দ্রব্যগুলির একটি দীর্ঘস্থায়ী ঐতিহ্য রয়েছে, এবং আমরা তাদের প্রসারিত হতে দেখে, নিউ ইয়র্কের দুগ্ধ কৃষকদের দুধের চাহিদা বাড়াতে দেখে এবং 200টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি করতে দেখে আমরা আনন্দিত - যেগুলি আমাদের দুগ্ধ শিল্পের জন্য দুর্দান্ত খবর। এই সম্প্রসারণ গ্রেট লেকস চিজের ভবিষ্যৎকে দৃঢ় করতে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেট দেশব্যাপী দুগ্ধের ক্ষেত্রে একটি শীর্ষস্থানীয় জায়গায় থাকবে এবং আমরা তাদের সাথে আমাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য উন্মুখ।"

ক্যাটারাউগাস কাউন্টির IDA নির্বাহী পরিচালক কোরি আর. উইক্টর বলেন, "ক্যাটারাউগাস কাউন্টিতে গ্রেট লেকস চিজকে আন্তরিকভাবে স্বাগত জানাতে পেরে আমরা সম্মানিত। এই মহান কাউন্টির ইতিহাসে এটি সব চেয়ে বড় বেসরকারি অর্থনৈতিক উন্নয়ন প্রকল্প। আমাদের কাছে এখন একটি শিল্পের-নেতৃস্থানীয়, পরিবার এবং কর্মচারীদের মালিকানাধীন ব্যবসাকে ক্যাটারাউগাস কাউন্টিতে দুগ্ধ ও কৃষির ঐতিহ্য এবং শিল্পের সাথে একত্রিত করার একটি সুবর্ণ সুযোগ রয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে আমাদের অংশীদাররা ফার্মার্সভিলে এই প্রকল্পকে সফল করতে সাহায্য করার জন্য একটি পরম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।"

পরিবার এবং কর্মচারীদের মালিকানাধীন গ্রেট লেকস চিজ 2018 সালে তার ব্যবসার 60তম বছর উদযাপন করেছে। সমৃদ্ধশালী সম্প্রদায়গুলিতে বিনিয়োগ করার কোম্পানিটির দীর্ঘস্থায়ী রেকর্ডটি মালিকানাধীন সংস্কৃতির অধীনে পরিচালিত হওয়ার সাথে সরাসরি যুক্ত। এটির কর্মচারী স্টক মালিকানার পরিকল্পনার মাধ্যমে সকল কর্মচারীদের ব্যবসায় অংশীদারিত্ব রয়েছে এবং তার প্রাপ্তিতে ভাগ রয়েছে৷

স্টেট সিনেটর জর্জ এম. বোরেলো বলেছেন, "গ্রেট লেকস চিজের নতুন বাড়ির জন্য আজকের নির্মাণের কাজ শুরু করা এই মূল্যবান নিউ ইয়র্ক স্টেট কোম্পানির জন্য একটি রূপান্তরমূলক মুহূর্ত এবং বছরের পর বছরের প্রচেষ্টা, পরিকল্পনা, সমস্যার সমাধান এবং সহযোগিতার সমাপ্তির প্রতিনিধিত্ব করে৷ আমার অভিনন্দন এবং কৃতজ্ঞতা এপ্রেক্ট পরিবার, কোম্পানির নেতৃত্বের দল, এবং রাজ্যের ও স্থানীয় অংশীদারদের বিস্তৃত জোটের প্রতি যারা আমাদের দৃঢ় সংকল্প ভাগ করে নিয়েছেন যে এই অঞ্চলটি গ্রেট লেকস চিজের ভবিষ্যতের দৃষ্টিভঙ্গি পূরণের জন্য সেরা জায়গা। আমি গর্বিত যে আমার দল এবং আমি এই প্রকল্পটি জেলায় রাখার জন্য, চাকরি রক্ষা করার জন্য এবং ডেয়ারি ফার্মগুলিকে একটি সম্প্রসারিত বাজার থেকে উপকৃত হবে তা নিশ্চিত করার জন্য সমর্থন করতে পেরেছি। এই প্রকল্পটি সেরা অর্থে একটি যুগান্তকারী পদক্ষেপ হবে এবং আমি ভবিষ্যতের দুর্দান্ত সাফল্যের জন্য সাগ্রহে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য জো গিগলিও বলেন, "এই কাজ শুরু আমাদের অঞ্চল এবং গ্রেট লেকস চিজের জন্য আসা বিস্ময়কর জিনিসগুলির সূচনা। আমি খুবই খুশি যে কোম্পানিটি পশ্চিম নিউ ইয়র্কে থাকার সিদ্ধান্ত নিয়েছে এবং তাদের নেতৃত্ব রাজ্যের এই অংশের মূল্যকে স্বীকৃতি দিয়েছে। আমাদের একটি দক্ষ এবং নিবেদিত কর্মীবাহিনী এবং দুগ্ধ শিল্পের জন্য প্রচুর সংস্থান রয়েছে। এটা সন্তোষজনক যে কয়েক মাসের আলোচনার ফলে এখানে শত শত চাকরি রাখা যাবে তাই নয়, বরং আরও বেশি যোগ করা হবে। এই সফল কারখানার স্থানান্তর গ্রেট লেকস চিজের ম্যানেজমেন্ট টিমের কঠোর পরিশ্রম, অধ্যবসায় এবং সহযোগিতার ফল এবং গ্রেট লেকস

চিজের ম্যানেজমেন্ট টিমের এবং অসংখ্য রাজ্য এবং স্থানীয় সরকারী কর্মকর্তা এবং সংস্থার সহযোগিতা।"

ফার্মারসভিল টাউনের ডেপুটি সুপারভাইজার মার্ক হেবারলিং বলেন, "আমাদের শহরের তার চিজ তৈরির শিকড়ে ফিরে আসার জন্য এটি একটি ঐতিহাসিক মুহূর্ত। ফেসিলিটির বেশিরভাগ ফার্মার্সভিলে অবস্থিত হওয়ায় আমরা জানি যে এটি আমাদের বাসিন্দাদের এবং আশেপাশের সম্প্রদায়কে পরবর্তী বহু প্রজন্মের জন্য ইতিবাচকভাবে প্রভাবিত করবে। আমরা ভবিষ্যতের জন্য এর থেকে বেশি সন্তুষ্ট এবং আশাবাদী হতে পারি না। আমরা জড়িত সকলকে ধন্যবাদ জানাতে চাই, এপ্রেক্ট পরিবার, কাট্টাগাউরাস কাউন্টি আইনসভা, কাট্টাগাউরাস কাউন্টি IDA এবং কোডি স্প্রাগ এবং জেসন শোয়াব সহ জমির মালিকদের তাদের দূরদর্শিতা এবং অধ্যবসায়ের জন্য।"

ফ্র্যাঙ্কলিনভিল গ্রামের মেয়র মাইকেল সিকোরার বলেন, "ক্যাটারাউগাস কাউন্টির ইতিহাসে সব চেয়ে বড় প্রকল্পের অংশ হতে পেরে আমরা উত্তেজিত - যা যা কাজগুলিকে স্থানীয় রাখছে এবং আরও বেশি চাকরি নিয়ে আসছে। এছাড়াও, আমরা ফ্র্যাঙ্কলিনভিলে অতিরিক্ত ব্যবসায়িক আগ্রহ বৃদ্ধি পেটেও দেখতে পাচ্ছি। এটি ফ্র্যাঙ্কলিনভিল এবং ছোট-শহর সম্বলিত এলাকার আমেরিকার জন্য আশাব্যঞ্জক। এর সবই স্বাগত।"

গ্রেট লেকস চিজ সম্পর্কে

গ্রেট লেকস চিজ হল একটি পুরস্কার-বিজয়ী, প্রাকৃতিক এবং প্রক্রিয়াজাত বাল্ক, শ্রেড করা এবং কাটা চিজের উচ্চমানের প্রস্তুতকারক এবং প্যাকেজার। দেশের বৃহত্তম প্রাকৃতিক পনির প্যাকেজার, গ্রেট লেকস চিজ মুদি, ক্লাব এবং সুপার স্টোরের পাশাপাশি রেস্তোরাঁর চেইন এবং খাদ্য পরিষেবা পরিবেশকদের পরিষেবা প্রদান করে। কোম্পানিটির ওহিও, নিউ ইয়র্ক, টেনেসি, উটাহ, উইসকনসিন এবং টেক্সাসে একটি নির্মাণাধীন ফেসিলিটি সহ একটি জাতীয় পদচিহ্ন রয়েছে। পরিবার এবং কর্মচারীদের মালিকানাধীন গ্রেট লেকস চিজ 2018 সালে তার ব্যবসার 60তম বছর উদযাপন করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন